গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ
স্থানীয় সরকার শাখা
www.sunamganj.gov.bd

নং-৪৬.৪৬.৯০০০.০১১.০৪.২৫৬.১৭- ৯০৯

তারিখঃ ৩০ আশ্বিন ১৪২৬
১৫ অক্টোবর ২০১৯

# " নিয়োগ বিজ্ঞপ্তি "

স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা এর ০৭ অক্টোবর ২০১৯ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.০৪.০০১.১৭-৪৩৫ নং স্মারকে জারীকৃত ছাড়পত্র মোতাবেক এবং বাংলাদেশ সুপ্রীম কোর্টের মাননীয় আপীল বিভাগের আদেশ প্রতিপালন সাপেক্ষে সুনামগঞ্জ জেলার নির্বাচিত ইউনিয়ন পরিষদসমূহের হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে লোক নিয়োগ করার জন্য সুনামগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | হিসাব সহকারী-কাম-কম্পিউটার অপারেটর | ৬৪টি | জাতীয় বেতন স্কেল ২০১৫ মোতাবেক ৯৩০০/--২২৪৯০/- (সরকার কর্তৃক ৭৫%এবং ইউনিয়ন পরিষদ কর্তৃক ২৫% হারে বেতন ভাতা প্রাপ্য হবে) | (ক) কোন স্বীকৃত বোর্ড হতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় বিভাগ অথবা সমমানের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত এবং<br>(গ) কম্পিউটার টাইপিং এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলা ২০(বিশ) শব্দ ও ইংরেজী ২০(বিশ) শব্দ। |

## শর্তাবলী

১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও সুনামগঞ্জ জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

২। নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। নির্ধারিত আবেদন ফরমটি www.sunamganj.gov.bd থেকে সংগ্রহ করা যাবে। নির্ধারিত ফরম ব্যতিত আবেদন বিবেচনা করা হবে না।

৩। আবেদনপত্র জেলা প্রশাসক, সুনামগঞ্জ বরাবরে আগামী ১৪-১১-২০১৯ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে কেবল ডাক যোগে পৌছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনসমূহ সরাসরি বাতিল বলে গণ্য হবে। ছবি বিভিন্ন সনদপত্রের কপি সত্যায়নের ক্ষেত্রে অবশ্যই সত্যায়নকারী কর্মকর্তার নাম ও পদবীসহ সুস্পষ্ট সীল ও [illegible] থাকতে হবে।

৪। ১৪-১১-২০১৯ তারিখে আবেদনকারীর বয়স ১৮ থেকে ৩০ বছর হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা ও শহীদ মুক্তিযোদ্ধার [illegible] সন্ততিদের এবং শারিরীক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য হবে। এ ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

৫। চাকুরীরত প্রার্থীগণ অন্যান্য শর্ত প্রতিপালন সাপেক্ষে উপযুক্ত কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে পারবেন। আবেদনপত্রের কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না। এ ক্ষেত্রে বয়স ও শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য নহে।

৬। সরকার কর্তৃক ঘোষিত সর্বশেষ নীতিমালা অনুযায়ী কোটা অনুসরণ করা হবে।

৭। বিবাহিত মহিলার ক্ষেত্রে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে।

৮। আবেদনপত্রের সংগে (ক) প্রার্থীর সদ্য তোলা ৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি (খ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত ১ কপি চারিত্রিক সনদপত্র (গ) প্রার্থীর নিজ এলাকার পৌরসভা মেয়র/ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত ১ কপি নাগরিকত্ব সনদপত্র (ঘ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্রের সত্যায়িত অনুলিপি (ঙ) পরীক্ষা ফি বাবদ যে কোন তফসিলী ব্যাংক হতে ৫০০/-(পাঁচশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে অর্ডার [illegible] সুনামগঞ্জ এর অনুকূলে জমা দিতে হবে (চ) ১০/-(দশ) টাকার ডাক টিকিট সম্বলিত ও [illegible] ইন্টারভিউ কার্ড পেতে চান) খাম (৯" x ৪") সংযুক্ত করতে হবে।

৯। খামের উপর মোটা অক্ষরে যে পদের জন্য আবেদন করেছেন তা স্পষ্টকরে উল্লেখ করতে হবে।

১০। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/ কন্যা হিসেবে চাকুরী প্রার্থীকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সর্বশেষ প্রজ্ঞাপন মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত অনুলিপি আবেদন পত্রের সংগে সংযুক্ত করতে হবে।

১১। উক্ত পদে আবেদনকারীগণ পূর্বে আবেদন করে থাকলে তাদের বর্তমানে নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।

১২। চাকুরীর বিষয়ে কোন প্রকার প্রত্যক্ষ বা পরোক্ষ তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।

১৩। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে কিংবা কোন তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগাদেশ বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৪। লিখিত ও মৌখিক পরীক্ষার মাধ্যমে প্রার্থী বাছাই করা হবে। কর্তৃপক্ষ কর্তৃক নির্দেশিত স্থানে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং এ ক্ষেত্রে কোন প্রকার টি,এ/ডি,এ প্রদান করা হবে না।

১৫। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা প্রদানকালে আবেদন ফরমে উল্লিখিত সকল তথ্যের অনুকূলে মূল সনদপত্র দাখিল করতে হবে।

১৬। প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান হলে খামের উপর 'মুক্তিযোদ্ধার পোষ্য' কথাটি লিখতে হবে। এ ছাড়াও নিয়োগ সংক্রান্ত অন্যান্য শর্তাবলী অক্ষুন্ন থাকবে।

১৭। উক্ত পদে নিয়োগের ক্ষেত্রে মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগের আদেশ অনুসরণ ও প্রতিপালন করা হবে।

১৮। কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ কার্যক্রম স্থগিত, শর্ত পরিবর্তন, সংযোজন এবং বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

২৪/১০/২০১৯

(মোহাম্মদ আব্দুল আহাদ)
জেলা প্রশাসক
সুনামগঞ্জ
ফোন- ০৮৭১-৬২০০০
ইমেইল: dcsunamganj@mopa.gov.bd

নং-৪৬.৪৬.৯০০০.০১১.০৪.২৫৬.১৭-৯০৯(১০০)

তারিখঃ ৩০ আশ্বিন ১৪২৬ / ১৫ অক্টোবর ২০১৯

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হলো :-

১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
৪। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।

অনুলিপি : অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরিত হলো।

৫। জেলা প্রশাসক------------------------ ( সকল )।
৬। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সুনামগঞ্জ।
৭। পুলিশ সুপার, সুনামগঞ্জ।
৮। সিভিল সার্জন, সুনামগঞ্জ।
৯। মেয়র,সুনামগঞ্জ/ছাতক/জগন্নাথপুর/দিরাই পৌরসভা, সুনামগঞ্জ।
১০। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)/(সার্বিক)/(শিক্ষা ও তথ্যপ্রযুক্তি)/ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সুনামগঞ্জ।
১১। উপজেলা নির্বাহী অফিসার---------- ( সকল ), সুনামগঞ্জ।
১২। জেলা তথ্য অফিসার, সুনামগঞ্জ।
১৩। প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ। তাঁকে বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
১৪। চেয়ারম্যান, ----------------------------ইউনিয়ন পরিষদ(সকল), উপজেলা-------------------, জেলা- সুনামগঞ্জ।
১৫। সম্পাদক, দৈনিক সমকাল, ঢাকা/ দৈনিক সুনামকন্ঠ, সুনামগঞ্জ। তাঁকে নিয়োগ বিজ্ঞপ্তিটি ০১(এক) দিনের জন্য দুই কলামে ০৯ ইঞ্চি পরিসরে ভিতরের পাতায় প্রকাশের জন্য অনুরোধ করা হলো। বিজ্ঞপ্তি প্রকাশের পর বিজ্ঞপ্তি সম্বলিত ০৫(পাঁচ)টি পত্রিকা এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো।
১৬। অফিস কপি/মাস্টার নথি / নোটিশ বোর্ড।

জেলা প্রশাসক
সুনামগঞ্জ